# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

### বাঁশখালীতে পুলিশের গুলিবর্ষণে পাঁচজন শ্রমিক নিহত হওয়ার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর বিচারবিভাগীয় তদন্ত ও ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ নিশ্চিত করার দাবি

**[১৮ এপ্রিল ২০২১, ঢাকা]** ১৭ এপ্রিল ২০২১ চট্টগ্রামের বাঁশখালীতে একটি কয়লা বিদ্যুৎকেন্দ্রে বেতন-ভাতা পরিশোধ, রমজানের কারণে দৈনিক কাজের সময়সীমা পরিবর্তন, ছাঁটাই বন্ধ করাসহ আরো কয়েকটি ন্যায্য দাবিতে আন্দোলনরত শ্রমিকদের উপর পুলিশ গুলিবর্ষণে পাঁচজন শ্রমিক নিহত হয়েছেন। এছাড়াও প্রায় ৩০ জন শ্রমিক ও পুলিশ আহত হয়েছেন। ন্যায্য দাবিতে শান্তিপূর্ণভাবে আন্দোলনরত নিরস্ত্র শ্রমিকদের উপর পুলিশের এভাবে নির্বিচারে গুলি চালানো মৌলিক মানবাধিকারের চরম লঙ্ঘন। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে। একইসাথে ফোরাম একটি বিচারবিভাগীয় তদন্তের মাধ্যমে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং ক্ষতিগ্রহদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছি।

স্পষ্ঠত এ ঘটনায় আইন অনুযায়ী নূন্যতম শক্তিপ্রয়োগের যে বিধান রয়েছে পুলিশ তার অপপ্রয়োগ করেছে। বিদ্যমান আইন অনুযায়ী, সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে ব্যর্থ হয়ে পুলিশ গুলি চালাতে বাধ্য হলে তার পূর্বে তা উপস্থিত সবাইকে যথাযথভাবে জানানোর ব্যবস্থা করতে হবে এবং এমন সতর্কতার সাথে শক্তিপ্রয়োগ বা গুলি চালাতে পারবে যাতে প্রাণহানি না ঘটে। আন্দোলনকারীরা যাতে শান্তিপূর্ণভাবে নিজেদের দাবি-দাওয়া তুলে ধরতে পারে সে পরিবেশ নিশ্চিত করা পুলিশের দায়িত্ব হলেও প্রায়শ পুলিশকে সমবেত জনগোষ্ঠীর ওপর চড়াও হতে এবং কোনোরূপ পূর্ব সতর্কতা ছাড়াই শক্তিপ্রয়োগ করতে দেখা যায়। অবস্থাদৃষ্টে প্রতীয়মান যে এক্ষেত্রেও পুলিশ বেআইনিভাবে গুলি চালিয়েছে। পুলিশের এমন আইন-বহির্ভূত আচরণ হত্যারই নামান্তর এবং এর সুষ্ঠু বিচার নিশ্চিত হওয়া অত্যন্ত জরুরি।

জীবনের অধিকার, সমবেত হওয়ার এবং ন্যায্য দাবিতে আন্দোলন করার অধিকার সংবিধান এবং অন্যান্য মানবাধিকার দলিলে সুস্পষ্ঠভাবে স্বীকৃত। একইসাথে অতিমারী করোনার এমন দুঃসময়ে শ্রমিকরা নানা দুর্দশার মধ্যে রয়েছেন। তা সত্ত্বেও তাদের বেতন যথাসময়ে কেন পরিশোধ করা হলো না সে বিষয়ে বিদ্যুৎকেন্দ্র নির্মাতা প্রতিষ্ঠান এস আলম গ্রুপকে তদন্তসাপেক্ষে জবাবদিহিতার আওতায় নিয়ে আসা আবশ্যক। বাঁশখালীর এ বিদ্যুৎকেন্দ্রটিকে ঘিরে এর পূর্বেও প্রাণহানির ঘটনা ঘটেছে কিন্তু সেগুলোর ক্ষেত্রে ন্যায়বিচার নিশ্চিত করা হয়নি বলেই বারবার এমন ঘটনার পুনরাবৃত্তি ঘটছে। তাই ফোরাম দৃঢ়ভাবে বিশ্বাস করে, এ ধরণের দায়হীনতার অবসান ঘটাতে দ্রুততার সাথে একটি বিচারবিভাগীয় কমিটি গঠন করে নিরপেক্ষ ও গ্রহণযোগ্য তদন্ত নিশ্চিত করা, সংশ্লিষ্টদের দায়বদ্ধ করা ও আইনানুগ শাস্তি নিশ্চিত করা, সর্বোপরি ক্ষতিগ্রস্ত শ্রমিকদের আইন অনুযায়ী পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান করা।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045
Email: ask@citechco.net web: www.askbd.org
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS),** Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).